# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 07-04-2025 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) সুপ্রিম কোর্টের রায়ে বিভিন্ন বিদ্যালয়ের চাকরিহারাদের সঙ্গে মুখ্যমন্ত্রী আজ বৈঠকে বসছেন।

#বিরোধীদের মদতে সভায় বিশৃঙ্খলা সৃষ্টির চেষ্টা হতে পারে বলে শাসকদলের আশঙ্কা।

#অন্যদিকে, চাকরিহারাদের একাংশ দাবি করেছেন, তাঁদের বাঁচাতে রাজ্য সরকার সহ সব রাজনৈতিক দলকে উপায় বের করতে হবে।

২) বেতন বাড়ানোর দাবিতে পার্শ্বশিক্ষক ঐক্য মঞ্চ আজ থেকে তিনদিন রাজ্য জুড়ে স্কুল বয়কটের ডাক দিয়েছে।

৩) সপ্তাহ জুড়ে রাজ্যের বিভিন্ন জেলায় বিক্ষিপ্ত বৃষ্টির পূর্বাভাস আবহাওয়া দপ্তরের।

৪) যুব ভারতী ক্রীড়াঙ্গনে আজ আইএসএল ফুটবলের ফিরতি সেমিফাইনালে মোহনবাগান সুপার জায়ান্ট, জামশেদপুর এফ সি, র মুখোমুখি হবে।

---------------------------------------------------------------------------------

সুপ্রিম কোর্টের রায়ে চাকরি হারানো শিক্ষক, শিক্ষিকা এবং শিক্ষা কর্মীদের সঙ্গে রাজ্য সরকার বৈঠকে বসতে চলেছে। উদ্ভূত পরিস্থিতিতে কি পদক্ষেপ নেওয়া যায় তা নিয়ে আলোচনা করতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরোহিত্যে আজ কলকাতার নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে দুপুর সাড়ে বারোটা নাগাদ প্রস্তাবিত এই বৈঠকে উপস্থিত থাকার জন্য চাকরি হারানো শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষা কর্মীদের আমন্ত্রণ জানানো হয়েছে। মুখ্য

সচিব মনোজ পন্থ, শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু, শিক্ষা সচিব ছাড়াও রাজ্য সরকারের অন্যান্য আধিকারিকরা বৈঠকে উপস্থিত থাকবেন বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

এদিকে, বিরোধীরা এই বৈঠকে গোলমাল বাধাতে পারে বলে আশঙ্কা প্রকাশ করেছেন তৃণমূল কংগ্রেসের রাজ্য সাধারণ সম্পাদক কুণাল ঘোষ। সাংবাদিকদের গতকাল তিনি বলেন, মুখ্যমন্ত্রী চেষ্টা করছেন জট খুলতে, কিন্তু বিরোধীরা তা চান না। শিক্ষকদের প্ররোচনায় পা না দেওয়ার আবেদন জানান তিনি।

(বাইট-কুনাল)

এদিকে, কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী নিয়োগ দুর্নীতির ঘটনায় মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবি জানিয়েছেন।

বাইট অধীর

অন্যদিকে, তাঁদের বাঁচানোর জন্য রাজ্য সরকার সহ সব রাজনৈতিক দলকে রাস্তা বের করতে হবে বলে দাবি করেছেন সুপ্রিম কোর্টের রায়ে চাকরিহারাদের একাংশ। শহিদ মিনার চত্বরে বিক্ষোভ মঞ্চ থেকে গতকাল  সাংবাদিক বৈঠক করে তাঁরা, শীর্ষ আদালতের রায় ও বিচার প্রক্রিয়া নিয়ে অসন্তোষ প্রকাশ করেন। এই পরিণতির দায় রাজ্য সরকারের ওপরেও চাপিয়েছেন তাঁরা। চাকরিহারা শিক্ষকদের তরফে মেহবুব মন্ডল বলেন, মুখ্যমন্ত্রীর ডাকা বৈঠকে তাঁরা যাবেন। যোগ্য ও অযোগ্যদের আলাদা করতে সমস্ত নথিপত্র যাচাই ও পুনরায় তদন্তের দাবি জানান তিনি।

(বাইট মেহবুব)

শিক্ষানুরাগী ঐক্য মঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী বলেছেন, নিয়োগ দুর্নীতির সম্পূর্ণ দায় এসএসসি এবং রাজ্য সরকারের।

যতজনকে চিহ্নিত করা গেছে তাদের বাতিল করে বাকিদের বহাল রেখে তদন্ত প্রক্রিয়া চালানো প্রয়োজন বলে মন্তব্য করেন তিনি।

--------------------

সুপ্রিম কোর্টে প্রায় ২৬ হাজার শিক্ষক ও শিক্ষাকর্মীর চাকরি বাতিল নিয়ে টানাপোড়েনের মধ্যেই বেতন বাড়ানোর দাবিতে পার্শ্বশিক্ষক ঐক্য মঞ্চ আজ, আগামীকাল ও বুধবার এই তিনদিন রাজ্য জুড়ে স্কুল বয়কটের ডাক দিয়েছে। মঞ্চের আহ্বায়ক ভগীরথ ঘোষ জানিয়েছেন, পার্শ্বশিক্ষকদের অষ্টম শ্রেনী পর্যন্ত সপ্তাহে ২০টি ক্লাস নেওয়ার কথা থাকলেও তাঁদের দশম, একাদশ – দ্বাদশেও অতিরিক্ত ক্লাস নিতে হচ্ছে। কিন্তু বারবার দাবি জানানো সত্ত্বেও বেতন বাড়ছে না।

এদিকে, পার্শ্বশিক্ষরা ক্লাস বন্ধ করলে পরিস্থিতি জটিলতর হবে বলে আশঙ্কা করা হচ্ছে।

উল্লেখ্য, সদ্য সমাপ্ত বিধানসভা অধিবেশনে শিক্ষা মন্ত্রী ব্রাত্য বসু পার্শ্ব শিক্ষকদের ' সম কাজে সম বেতন ' এর দাবি খারিজ করে দিয়ে, পার্শ্ব শিক্ষকদের ক্ষেত্রে ওই নীতি খাটে না বলে মন্তব্য করেন।

--------------------

রাজ্য সরকার ২০২৪-২৫ অর্থবর্ষে পণ্য ও পরিষেবা কর-জিএসটি বাবদ গত অর্থ বছরের তুলনায় ৪ হাজার ৮০৮ কোটি টাকা বেশি সংগ্রহ করেছে।
এই অঙ্ক আগের অর্থবর্ষের তুলনায় ১১.৪৩ শতাংশ বেশি। সামাজিক মাধ্যমে এক পোস্টে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন, ২০২৪-২৫ অর্থবর্ষে জিএসটি আদায়ে দেশের সার্বিক বৃদ্ধির হার ছিল ৯.৪৪ শতাংশ। বাংলায় তার তুলনায় জিএসটি সংগ্রহ বৃদ্ধির হার প্রায় ২ শতাংশ বেশি।

শুধু জিএসটি সংগ্রহ নয়, জমির রেজিস্ট্রেশন থেকে স্ট্যাম্প ডিউটি উভয়ই বেড়েছে লক্ষ্যনীয়ভাবে।

রাজ্যের এই সাফল্যের কথা উল্লেখ করে অর্থ দফতরকে অভিনন্দন জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

--------------------

তীব্র গরম থেকে রেহাই পেতে চলেছে রাজ্যবাসী। সারা সপ্তাহ জুড়েই রাজ্যের বিভিন্ন জেলায় বিক্ষিপ্ত বৃষ্টির পূর্বাভাস রয়েছে। আলিপুর আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় অধিকর্তা ডঃ সোমনাথ দত্ত আকাশবাণীকে জানিয়েছেন, আজ উত্তরবঙ্গের পাঁচটি জেলা এবং দক্ষিণবঙ্গের বাঁকুড়া, বীরভূম ও পশ্চিম বর্ধমানে বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা রয়েছে। এদিকে, দক্ষিণ-পূর্ব বঙ্গোপসাগরে একটি ঘূর্ণাবর্ত তৈরি হয়েছে যা আগামী ২৪ ঘন্টায় একটি নিম্নচাপের রূপ নিতে পারে বলেও তিনি জানিয়েছেন।

(বাইট)

--------------------

বেহালার ঠাকুরপুকুর থানা এলাকায় একটি চারচাকা গাড়ী নিয়ন্ত্রন হারিয়ে ভিড়ে ঠাসা বাজারে ঢুকে পড়ে বেশ কয়েকজনকে ধাক্কা দেয়। আহত হন দশজন। হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আমিনুর রহমান নামে এক ব্যক্তির মৃত্যু হয়। ঘটনার পরই উত্তেজিত জনতা গাড়িটিতে ভাঙচুর চালায়। মারধর করা করা হয় চালককে। পরে পুলিশ এসে গাড়ির চালক সিদ্ধান্ত দাশকে গ্রেপ্তার করে। সূত্রের খবর ওই ব্যক্তি বাংলা ধারাবাহিকের পরিচালক। মদ্যপ অবস্হায় তিনি গাড়ি চালাচ্ছিলেন বলে অভিযোগ। ধৃত সারা রাত পার্টি করে গতকাল সকালে বাড়ি ফিরছিল। সেই সময়েই এই দুর্ঘটনা।

--------------------

বাঁকুড়ার বিষ্ণুপুরে ৬০ নম্বর জাতীয় সড়কে উড়ালপুলের উপর একটি যাত্রী বোঝাই বেসরকারি বাসের সঙ্গে ডাম্পারের মুখোমুখি সংঘর্ষের ঘটনায় আহত ৬ বাস

যাত্রী। আহতদের উদ্ধার করে নিয়ে যাওয়া হয়েছে বিষ্ণুপুর সুপার স্পেশালিটি হাসপাতালে।স্থানীয় সূত্রে জানা গিয়েছে, বাঁকুড়ার দিক থেকে একটি ডাম্পার মেদিনীপুরের দিকে যাচ্ছিল ৬০ নম্বর জাতীয় সড়ক ধরে। অন্যদিকে বিষ্ণুপুর বাসস্ট্যান্ড থেকে ৬০ নম্বর জাতীয় সড়ক ধরে কোতুলপুরের দিকে যাচ্ছিল যাত্রী বোঝাই বেসরকারি বাসটি। ওভারব্রিজে বাঁক নেওয়ার সময় মুখোমুখি সংঘর্ষ হয়। সংঘর্ষে দুমড়ে মুছরে যায় বাসের সামনের অংশ। বাস ও ডাম্পার দুটিকেই আটক করেছে বিষ্ণুপুর থানার পুলিশ। কীভাবে এই দুর্ঘটনা ঘটলো তার তদন্ত শুরু করেছে বিষ্ণুপুর থানার পুলিশ

-------------------

উত্তর ২৪ পরগনার গাইঘাটার ঠাকুরনগর বড়া এলাকায় আশুতোষ বিশ্বাস নামে বছর ৬০-এর এক বিজেপি কর্মী গুলিবিদ্ধ হয়েছেন। আশঙ্কাজনক অবস্থায় কলকাতার হাসপাতালে তিনি চিকিৎসাধীন। তপন বালা নামে এক ফুল ব্যবসায়ী, ব্যবসার রেষারেষির কারণে আশুতোষবাবুর ওপর গুলি চালায় বলে জানা গেছে।

স্থানীয় বিজেপি নেতৃত্ব তপন বালাকে তৃণমূল কংগ্রেস কর্মী বলে দাবি করলেও স্থানীয়দের মতে তারা দু-জনেই বিজেপি-র সঙ্গেই যুক্ত। পুলিশ তপন বালাকে গ্রেফতার করেছে। গুলি চালানোর কারণ খতিয়ে দেখা হচ্ছে।

-------------------

কোচবিহারের তুফানগঞ্জের থানা মোড়ে রাজ্য পুলিশের এস টি এফ ইয়াবা ট্যাবলেট সহ দু-জনকে গ্রেফতার করেছে। উদ্ধার হয়েছে এক কেজি ৩-শো গ্রাম মাদক ট্যাবলেট। সেগুলি শিলচর থেকে সাহেবগঞ্জে নিয়ে যাওয়া হচ্ছিল। এর মূল্য প্রায় ২৫ লক্ষ টাকা।

-------------------

স্বাস্থ্য বিষয়ক নানা প্রচার কর্মসূচির মধ্য দিয়ে বিশ্বজুড়ে আজ পালিত হচ্ছে বিশ্ব স্বাস্থ্য দিবস। নবজাতকের ও মায়ের সুস্বাস্থ্যের বিষয়টিকে সামনে রেখে এবারের বিশ্ব স্বাস্থ্য দিবসের মূল ভাবনা "স্বাস্থ্যকর সূচনা ,আশাবাদী ভবিষ্যৎ।" স্বাস্থ্য সম্পর্কে সচেতনতা প্রসারে বিভিন্ন স্বাস্থ্য সংগঠন, সামাজিক সংগঠন ও সমাজসেবী সংগঠন আজ নানা অনুষ্ঠান ও কর্মসূচির আয়োজন করেছে। উল্লেখ্য, ১৯৫০ সালের ৭ এপ্রিল কে বিশ্ব স্বাস্থ্য সংস্থা WHO বিশ্ব স্বাস্থ্য দিবস ঘোষণা করে।

-------------------

যুব ভারতী ক্রীড়াঙ্গনে আজ আইএসএল ফুটবলের ফিরতি সেমিফাইনালে মোহনবাগান সুপার জায়ান্ট, জামশেদপুর এফ সি, র বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

জে আর ডি টাটা স্পোর্টস কমপ্লেক্সে প্রথম পর্বের সেমিফাইনালে মোহনবাগান ১-২ গোলে পরাজিত হয়েছিল। এবারের আইএসএলে লিগ - শিল্ড জয়ী মোহনবাগানকে টানা তৃতীয়বার ফাইনালে পৌঁছতে হলে অন্তত দু গোলের ব্যাবধানে আজ জিততে হবে।

------------------- -------------------